আরডিআরএস বাংলাদেশ
RDRS Bangladesh

নিলাম নীতিমালা ২০১৭

September 2017

আরডিআরএস বাংলাদেশ নিলাম (Auction) নীতিমালা, ২০১৭

১. ভূমিকা

আরডিআরএস বাংলাদেশ একটি জনহিতৈষী উন্নয়নমূলক বেসরকারি সংস্থা। বাংলাদেশের স্বাধীনতা লাভের পর ১৯৭২ সালে বৃহত্তর রংপুর দিনাজপুর এলাকার যুদ্ধ বিধ্বস্ত ও দারিদ্র্যপীড়িত মানুষের সাহায্যার্থে তথা ত্রাণ বিতরণ ও পুনর্বাসনের লক্ষ্যে আন্তর্জাতিক দাতা সংস্থা লুথোরান ওয়ার্ল্ড ফেডারেশন এর ডিপার্টমেন্ট অব ওয়ার্ল্ড সার্ভিস **(LWF/DWS)** কর্তৃক রংপুর দিনাজপুর রিলিফ অ্যান্ড রিহ্যাবিলিটেশন সার্ভিস (আরডিআরএস) প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১৯৯৭ সালে আরডিআরএস বাংলাদেশ নামে রূপান্তরিত হয়ে এটি একটি জাতীয় বেসরকারি উন্নয়ন সংস্থা হিসেবে প্রতিষ্ঠা লাভ করে এবং উন্নয়ন ও সেবামূলক কার্যক্রম (যথা: কৃষি ও পরিবেশ, শিক্ষা, স্বাস্থ্য, নারী অধিকার, কর্মসংস্থান সৃষ্টি ও আর্থিকভাবে স্বাবলম্বী করার লক্ষ্যে ক্ষুদ্রঋণ কর্মসূচি) পরিচালনা করছে এবং দেশব্যাপী এর কার্যক্রম সম্প্রসারণ করছে। দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম ও বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনার জন্য পণ্য ও তদসংশ্লিষ্ট সেবা, বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা এবং কার্য ও ভৌত সেবা ক্রয় করা আবশ্যক। স্বচ্ছতা, জবাবদিহিতা, বৈষম্যহীন ও সুলভমূল্যে মানসম্মত ক্রয়ের নীতিসমূহ মেনে ক্রয় কার্যক্রম পরিচালনার্থে আরডিআরএস বাংলাদেশ রাষ্ট্রীয় আইন, বিধি ও নীতি অনুসরণে এর ক্রয় বিধি সংশোধন করেছে। যা আরডিআরএস বাংলাদেশ প্রকিউরমেন্ট অ্যান্ড স্টোর ম্যানুয়াল, পঞ্চম সংশোধনী-২০১৭ নামে অভিহিত। মালামালসমূহ ক্রয় করার পর ব্যবহারকালীন এর জীবনসীমা/আয়ুষ্কাল শেষে বা অন্য কোন কারনে ব্যবহার অনুপযোগী হয়ে গেলে এগুলোর বিধিসম্মত নিষ্পত্তির লক্ষ্যে নিলামে বিক্রয় করা আবশ্যক হয়। আর ব্যবহার অনুপযোগী মালামাল (স্ক্রেপ মেটেরিয়াল, মোটরসাইকেল, বাইসাইকেল, কম্পিউটার, প্রিন্টার, ফটোকপি মেশিন, এসি, টিভি, জেনারেটর ও অন্যান্য যন্ত্র ও যন্ত্রাংশ সামগ্রী, ফার্নিচার সামগ্রী, গাড়ি ও গাড়ির যন্ত্রাংশ, টায়ার, পুরাতন নিউজপেপার, বই ও যেকোনো নিলামযোগ্য মালমাল) নিলামে বিক্রয়ের নিমিত্তে একটি নীতিমালা আবশ্যক হওয়ায় এই নীতিমালা প্রণয়ন করা হলো। যা আরডিআরএস বাংলাদেশ নিলাম (Auction) নীতিমালা ২০১৭ নামে অভিহিত হবে এবং অনতিবিলম্বে কার্যকর হবে।

২. লক্ষ্য ও উদ্দেশ্য

ক) লক্ষ্য : একটি বিধিবদ্ধ নিয়মের আওতায় স্বচ্ছতা, জবাবদিহিতা ও প্রতিযোগিতামূলক পন্থায় নিলামযোগ্য মালামাল বিক্রয় সুনিশ্চিৎ করা।

খ) উদ্দেশ্য : ১) মালামালের নিলাম যোগ্যতা নিরূপণ ও নিলাম কার্যক্রম পরিচালনায় সুদক্ষ কর্মী তৈরি করা;

২) আরডিআরএস বাংলাদেশ এর কেন্দ্রীয় স্টোরসহ ঢাকা প্রধান কার্যালয়, কেন্দ্রীয় সমন্বয় কার্যালয়, জেলা বা ইউনিট কার্যালয় ও উপজেলা কার্যালয়ের স্টোরগুলোতে ব্যবহার অনুপযোগী মালামালগুলো নিলামযোগ্য হলে নিলামে বিক্রয় করা বা ধ্বংসযোগ্য হলে ধ্বংস করার মাধ্যমে নিষ্পত্তি করা;

৩) দক্ষ কমিটির মাধ্যমে নিলাম কার্যক্রম পরিচালনা ও দর মূল্যায়ন করা।

৩. মালামালের নিলাম যোগ্যতা নিরূপণ কমিটি

ক) আরডিআরএস বাংলাদেশ এর প্রধান কার্যালয়সহ সকল কার্যালয়ের স্টোরগুলোতে রক্ষিত মালামালসমূহের নিলামযোগ্যতা নিরূপণে ৫-৭ সদস্য বিশিষ্ট এক বা একাধিক কমিটি নির্বাহী পরিচালকের দাপ্তরিক আদেশে গঠিত হবে;

খ) এই কমিটি বছরে দুইবার স্টোরসমূহ সরেজমিন পরিদর্শন করে প্রতিটি কার্যালয়ের জন্য নিলামযোগ্য মালামালের পৃথক পৃথক তালিকা (সংযুক্তি-১) প্রস্তুত করবে এবং যে সমস্ত মালামাল ধ্বংসযোগ্য সেগুলোর জন্যও পৃথক পৃথক তালিকা (সংযুক্তি-২) প্রস্তুত করবে। অতঃপর নিলামযোগ্য ও ধ্বংস্যযোগ্য মালামালসমূহের পৃথক পৃথক তালিকা নির্বাহী পরিচালক বরাবর অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৪. নিলাম কমিটি ও এর দায়-দায়িত্ব

ক) নিলাম কমিটি : নিলামযোগ্য তালিকাভুক্ত মালামালসমূহ নিলামে বিক্রয়ের জন্য প্রধান কার্যালয়, কেন্দ্রীয় সমন্বয় কার্যালয় ও জেলা বা ইউনিট কার্যালয়ের প্রতিটি ক্রয় কমিটি নিলাম কমিটি হিসেবে দায়িত্ব পালন করবে। তারা অনুমোদিত তালিকাভুক্ত নিলামযোগ্য মালামালসমূহ এই নীতিমালায় বর্ণিত নীতি অনুসারে নিলামে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

খ) কমিটির দায়-দায়িত্ব

১) কমিটি প্রয়োজন অনুসারে নিলাম বিষয়ক সভায় মিলিত হবে এবং সভার সিদ্ধান্তসমূহ লিপিবদ্ধ করে সংরক্ষণ করবে এবং উপস্থিতি শিটে স্বাক্ষর করবে, (সংযুক্তি-৩);

২) কমিটি অনুমোদিত তালিকাভুক্ত নিলামযোগ্য মালামালগুলো লটে বিভক্ত করবে;

৩) কমিটি প্রতিযোগিতামূলক পদ্ধতিতে নিলাম বিক্রয় নিশ্চিৎ করবে;

৪) নির্ধারিত ফরমে নিলাম বিজ্ঞপ্তি প্রস্তুত করবে এবং দৈনিক পত্রিকায় প্রকাশে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৫) নির্ধারিত 'নিলাম তফসিল' ফরম প্রস্তুত করবে এবং নিলামে আগ্রহী অংশগ্রহণকারীদের মধ্যে 'নিলাম তফসিল' বিক্রয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

৬) নিলাম বিষয়ক যাবতীয় কাগজ-পত্রাদি সংরক্ষণ করবে;

৭) প্রাপ্ত নিলাম তফসিলসমূহ মূল্যায়ন করবে এবং মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে;

৮) অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে বিক্রয় আদেশ জারি করবে।

৫. নিলাম প্রক্রিয়া

ক) গাড়ি, মোটরসাইকেল (কমপক্ষে ১০ টি) ইত্যাদি বিক্রয়ের পূর্বে ১ টি জাতীয়/স্থানীয় দৈনিক পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রচার করতে হবে;

খ) অন্যান্য মালামাল পরিমাণে অধিক সংখ্যক হলে এবং দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার লাভজনক হলে নিলাম বিক্রয়ের পূর্বে ১ টি জাতীয়/স্থানীয় দৈনিক পত্রিকায় নিলাম বিজ্ঞপ্তি প্রচার করতে হবে;

গ) পরিমাণে অল্প কিংবা মালামালের মূল্য কম হলে কিংবা পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করা অলাভজনক হলে স্ব-স্ব কার্যালয়ের নোটিশ বোর্ড এবং স্থানীয় বাজারে লটকিয়ে নোটিশ জারি করা যাবে।

৬. সময়সীমা

ক) নিলাম কার্যক্রম এর প্রবাহচিত্র :

নিলাম কার্যক্রমের সময়সীমা																					
সপ্তাহ	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০	২১
নিলামে বিক্রয়ের জন্য অনুমোদিত তালিকাভুক্ত মালামালসমূহকে লটে বিভক্তিকরণ, নিলাম বিজ্ঞপ্তি ও তফসিল প্রস্তুতকরণ																					
বিজ্ঞপ্তি প্রকাশ ও নিলাম তফসিল দাখিলের সময় (বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৭-১৪ দিন)																					
নিলাম তফসিল মূল্যায়ন (সর্বোচ্চ ০৭ দিন)																					
মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন (সর্বোচ্চ ০৭ দিন)																					
নিলাম বিক্রয় আদেশ জারি (অনুমোদনের তারিখ থেকে ০৭ দিন)																					
কৃতকার্য নিলাম ক্রেতা কর্তৃক মালামাল গ্রহণ						বিক্রয় আদেশ জারি থেকে সর্বোচ্চ ১০ দিন															

খ) নির্ধারিত সময়ের মধ্যে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক কোনো ব্যক্তি নিলাম তফসিল জমা দিতে ব্যর্থ হলে তা গ্রহণ করা হবে না।

৭. নিলাম বিজ্ঞপ্তি ও নিলাম তফসিল

ক) **নিলাম বিজ্ঞপ্তি:** নির্ধারিত ফরমে নিলাম বিজ্ঞপ্তি প্রস্তুত করতে হবে এবং তা উপরোল্লিখিত শর্ত অনুসারে দৈনিক পত্রিকায় প্রচার কিংবা নোটিশ বোর্ডে স্থাপন করতে হবে। (সংযুক্তি-৪)

গ) **নিলাম তফসিল:** নির্ধারিত নিলাম তফসিলে যাবতীয় তথ্যাদি উল্লেখ করতে হবে এবং নিলামে অংশগ্রহণে ইচ্ছুক নিলাম ক্রেতাদের মধ্যে এই তফসিল বিক্রয় করতে হবে। নিলাম তফসিলের মূল্য ৫০.০০ টাকা থেকে ৫০০.০০ টাকা পর্যন্ত নির্ধারণ করা যাবে। নিলাম কমিটি মালামালের সংখ্যা, প্রত্যাশিত মূল্য ও বাজারে এসমস্ত মালামালের চাহিদা বিবেচনা করে নিলাম তফসিলের মূল্য ধার্য করবে। (সংযুক্তি-৫)

৮. নিলাম জামানত

ক) নিলামে অংশগ্রহণকারীগণ নিলাম তফসিলের সাথে নিলাম জামানত বাবদ প্রদত্ত দরের ৫% সমপরিমাণ অর্থের ব্যাংক ড্রাফট/পে অর্ডার (যেকোনো তফসিলি ব্যাংকের হতে হবে) আরডিআরএস বাংলাদেশ এর নামে সংযুক্ত করবে;

খ) নিলাম তফসিল খোলার পর প্রথম, দ্বিতীয় ও তৃতীয় সর্বোচ্চ দরদাতা ছাড়া অন্যদের নিলাম জামানত ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে ফেরৎ প্রদান করা হবে। প্রথম সর্বোচ্চ দরদাতার বরাবর নিলাম বিক্রয় আদেশ জারির ১৫ (পনের) কার্য দিবসের মধ্যে দ্বিতীয় ও তৃতীয় সর্বোচ্চ দর দাতার নিলাম জামানত ফেরৎ প্রদান করা হবে;

গ) প্রথম সর্বোচ্চ দরদাতা নিলাম বিক্রয় আদেশ মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে মালামালের মূল্য ও সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য ভ্যাট পরিশোধ শেষে মালামাল গ্রহণ না করলে তার বরাবর জারিকৃত নিলাম বিক্রয় আদেশ বাতিল করা হবে এবং তার প্রদত্ত জামানত বাজেয়াপ্ত করা যাবে;

ঘ) এক্ষেত্রে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা বরাবর নিলাম বিক্রয় আদেশ জারি কিংবা পুনঃনিলামের ব্যবস্থা গ্রহণ করা যাবে এবং এ বিষয়ে নিলাম কমিটি সিদ্ধান্ত গ্রহণ করবে। প্রথম ও দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরের ব্যবধান অত্যধিক হলে পুনরায় নিলামের ব্যবস্থা গ্রহণ করা যাবে;

ঙ) পর্যায়ক্রমে তৃতীয় সর্বোচ্চ দরদাতাকে নির্বাচন করা যেতে পারে।

৯. নিলাম দর মূল্যায়ন ও মূল্যায়ন প্রতিবেদন অনুমোদন

ক) নিলাম কমিটি দরপত্র বাক্স খোলার ০৭ দিনের মধ্যে প্রাপ্ত নিলাম তফসিলসমূহের মূল্যায়ন সম্পন্ন করবে;

খ) মূল্যায়নকালে কমিটি নিলাম বিজ্ঞপ্তি ও নিলাম তফসিলে বর্ণিত শর্তসমূহ বিবেচনাপূর্বক কৃতকার্য ও অকৃতকার্য দরদাতা নির্বাচন করবে;

গ) নিলাম কমিটি মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে অনুমোদনের জন্য নির্বাহী পরিচালক বরাবর প্রেরণ করবে (সংযুক্তি-৬);

ঘ) নিলামকারী কর্তৃপক্ষ কিংবা মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনকারী কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ছাড়াই যে কোনো/সকল নিলাম তফসিল বাতিল করতে পারবেন।

১০. নিলাম বিক্রয় আদেশ জারি

ক) যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদিত হওয়ার পর নিলাম কমিটির সভাপতি নির্ধারিত ফরমে সর্বোচ্চ দরদাতা বরাবর নিলাম বিক্রয় আদেশ জারি করবে (সংযুক্তি-৭);

খ) কৃতকার্য নিলাম পণ্যের ক্রেতা নিলাম বিক্রয় আদেশে উল্লেখিত অর্থ আরডিআরএস বাংলাদেশ এর সংশ্লিষ্ট কার্যালয়ের হিসাব শাখায় নগদে জমা দিয়ে জমা রশিদ গ্রহণ করবেন;

গ) কৃতকার্য নিলাম পণ্যের ক্রেতা নিলাম বিক্রয় আদেশের মূল কপি ও টাকা জমা দেয়ার রশিদের মূলকপি সংশ্লিষ্ট কার্যালয়ের স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদর্শন করবেন এবং প্রাপ্তিস্বীকারপত্রে স্বাক্ষরপূর্বক মালামাল গ্রহণ করবেন। প্রাপ্তিস্বীকার পত্র (সংযুক্তি-৮);

ঘ) অতঃপর কৃতকার্য নিলাম পণ্যের ক্রেতা নিলাম বিক্রয় আদেশের ফটোকপি, টাকা জমা দেয়ার রশিদের ফটোকপি ও প্রাপ্তিস্বীকার পত্রের ফটোকপি সংশ্লিষ্ট কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত নিরাপত্তা প্রহরীকে প্রদানপূর্বক মালামাল নিয়ে কার্যালয় চত্বর ত্যাগ করবেন;

ঙ) নিলাম পণ্যের নির্বাচিত ক্রেতা বিক্রয় আদেশ জারির ১০ (দশ) দিনের মধ্যে মূল্য পরিশোধ করে মালামালের সরবরাহ নেবেন।

১১. নথি সংরক্ষণ (Record Keeping): নিলাম বিক্রয়কারী কার্যালয়ের প্রধানগণ নিলাম বিক্রয় সংক্রান্ত নিম্নবর্ণিত যাবতীয় নথি/কাগজ-পত্রসমূহ মালামাল হস্তান্তর করার তারিখ থেকে ১০ (দশ) বছর স্ব-স্ব কার্যালয়ে সংরক্ষণ করবেন। এছাড়াও উক্ত নথি/কাগজ-পত্রসমূহের এক কপি ঢাকা প্রধান কার্যালয় (জিএস/অ্যাডমিন/অর্থ শাখায়) ও রংপুর কেন্দ্রীয় কার্যালয়ে (জিএস/অর্থ/ইন্টারনাল অডিট শাখায়) প্রেরণ করবেন। নথিতে কাগজ-পত্রসমূহ নিম্নের ক্রমানুসারে রাখতে হবে-

ক্র. নং	কাগজ-পত্রসমূহের বিবরণ	মন্তব্য
১.	নিলাম যোগ্যতা নিরূপণ কমিটি গঠন সংক্রান্ত পত্র	
২.	নিলামযোগ্য মালামালের অনুমোদনকৃত তালিকা	
৩.	কমিটির প্রাক নিলাম সভার সিদ্ধান্ত	
৪.	নিলাম বিজ্ঞপ্তি	
৫.	প্রাপ্ত নিলাম দরপত্র তফসিলসমূহ	
৬.	অনুমোদনকৃত নিলাম দরপত্র মূল্যায়ন প্রতিবেদন	
৭.	নিলাম বিক্রয় আদেশ	
৮.	নিলামকৃত পণ্যের মূল্য পরিশোধের রশিদ	
৯.	মালামালের প্রাপ্তিস্বীকারপত্র	

অনুমোদনকারী
তারিখ :

আরডিআরএস বাংলাদেশ
RDRS Bangladesh

সংযুক্তি-১

নিলামযোগ্য মালামালের তালিকা

ক্র. নং	মালামালের নাম	পরিমাণ	আইডি নং	ক্রয়/প্রাপ্তির তারিখ	ক্রয়মূল্য (যদি ক্রয় করা হয়)	অর্থের উৎস	বর্তমান অবস্থান	মালামালের প্রকৃতি (Fixed/Non-Fixed Assets)	মন্তব্য

আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ প্রধান কার্যালয়/কেন্দ্রীয় সমন্বয় কার্যালয়/ইউনিট কার্যালয়ের অধীন গুদামজাত মালামালসমূহ সরেজমিন পরীক্ষা করে উপরোক্ত ছকে বর্ণিত মালামালসমূহ নিলামযোগ্য মর্মে চিহ্নিত করলাম। অতঃপর অত্র তালিকাভুক্ত মালামাল চূড়ান্ত নিষ্পত্তির (নিলামে বিক্রয়) নিমিত্তে অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

স্বাক্ষর	স্বাক্ষর	স্বাক্ষর	স্বাক্ষর	স্বাক্ষর
নাম :	নাম :	নাম :	নাম :	নাম :
তারিখ :	তারিখ :	তারিখ :	তারিখ :	তারিখ :
সিলমোহর	সিলমোহর	সিলমোহর	সিলমোহর	সিলমোহর

আরডিআরএস বাংলাদেশ
RDRS Bangladesh

সংযুক্তি-২

ধ্বংসযোগ্য মালামালের তালিকা

ক্র. নং	মালামালের নাম	পরিমাণ	আইডি নং	ক্রয়/প্রাপ্তির তারিখ	ক্রয়মূল্য (যদি ক্রয় করা হয়)	অর্থের উৎস	বর্তমান অবস্থান	ব্যবহার ধ্বংসযোগ্য হবার কারণ	মালামালের প্রকৃতি (Fixed/Non-Fixed Assets)	মন্তব্য

আমরা নিম্ন স্বাক্ষরকারীগণ প্রধান কার্যালয়/কেন্দ্রীয় সমন্বয় কার্যালয় জেলা/ইউনিট কার্যালয়ের অধিন গুদামজাত মালামালসমূহ সরেজমিন পরীক্ষা করে উপরোক্ত ছকে বর্ণিত মালামালসমূহ সম্পূর্ণ নষ্ট, ও ধ্বংসযোগ্য মর্মে চিহ্নিত করলাম। অতঃপর অত্র তালিকাভুক্ত মালামাল চূড়ান্ত নিষ্পত্তির (write-off) নিমিত্তে অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

স্বাক্ষর	স্বাক্ষর	স্বাক্ষর	স্বাক্ষর	স্বাক্ষর
নাম :	নাম :	নাম :	নাম :	নাম :
তারিখ :	তারিখ :	তারিখ :	তারিখ :	তারিখ :
সিলমোহর	সিলমোহর	সিলমোহর	সিলমোহর	সিলমোহর

আরডিআরএস বাংলাদেশ
RDRS Bangladesh

সংযুক্তি-৩

প্রধান কার্যালয়/কেন্দ্রীয় সমন্বয় কার্যালয়/জেলা বা ইউনিট কার্যালয়

.....

তারিখ :

নিলাম কমিটির সদস্যদের নামের তালিকা

ক্র. নং	নাম	পদবী	স্বাক্ষর	তারিখ

আরডিআরএস বাংলাদেশ
RDRS Bangladesh

নিলাম বিজ্ঞপ্তি

সূত্র :

আরডিআরএস বাংলাদেশ . . . . . কিছু নিলামযোগ্য মালামাল (বাইসাইকেল, স্টিল আলমারি, ডিভিডি, সাউন্ড বক্স, ফটোকপি মেশিন, জেনারেটর, প্রজেক্টর, আইপিএস, গ্যাস কুকার, ব্যাটারি, বার্ন লুব ওয়েল, গাড়ির টায়ার ও পার্টস, সিআই শিট, প্লাস্টিক জারকেন, আয়রন টেবিল, এসি, মোটরসাইকেল, শ্যালো মেশিন, সিলিং ফ্যান এবং আরো অন্যান্য মালামাল) "যেখানে যে অবস্থায় আছে" লট ভিত্তিক বিক্রয়ের জন্য আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান এর নিকট থেকে সিলমোহরকৃত খামে দরপত্র আহবান করছে। বিশদ বিবরণ ও শর্তাবলী সম্বলিত দরপত্র তফসিল নগদ . . . . . ./- (কথায়ঃ . . . . . .) টাকায় (অফেরতযোগ্য) আগামী . . . . . তারিখ সকাল ৯টা থেকে বেলা ২.৩০ টা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় থেকে ক্রয় করা যাবে।

চেয়ারপার্সন, ... কমিটি, আরডিআরএস বাংলাদেশ,. . . . . .

আরডিআরএস বাংলাদেশ
RDRS Bangladesh

সংযুক্তি-৫

(নমূনা)

নিলাম দরপত্র তফসিল

আরডিআরএস বাংলাদেশ . . . . . কর্তৃক কিছু নিলামযোগ্য মালামাল (. . . . . .) নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাসাধারণের নিকট থেকে দরপত্র আহবান করা হয়েছে। এতদুদ্দেশ্যে কর্তৃপক্ষ কতিপয় শর্তাবলী আরোপ করেছেন যা নিম্নে বর্ণিত হলো। আগ্রহী দরদাতাগণ নিম্নে বর্ণিত শর্তাবলী অনুযায়ী অত্র দরপত্র তফসিল পূরণ করতঃ যথা সময়ে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিবেন।

শর্তাবলী

- এই নিলাম দরপত্র তফসিলের মূল্যের জন্য নির্ধারিত স্থানে স্পষ্টাক্ষরে লটভিত্তিক মালামালের মূল্য (অংকে ও কথায়), দরদাতার নাম, ঠিকানা ও মোবাইল নম্বর লিখে স্বাক্ষরসহ সিলমোহরকৃত খামে নিলাম দরপত্রটি নির্ধারিত সময়ের মধ্যে টেন্ডার বাক্সে ফেলতে হবে। দরপত্রে কোনো প্রকার কাটা-ছেঁড়া, ঘষা-মাজা ও ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। অত্র নিলাম দরপত্র তফসিলের সাথে তফসিল ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করতে হবে।

- **দরপত্র তফসিল গ্রহণের তারিখ, স্থান ও সময় ঃ** . . . . . তারিখ হতে . . . . . তারিখ বেলা ১২.০০ টা পর্যন্ত (অফিস চলাকালীন) আরডিআরএস বাংলাদেশ, ... কার্যালয়ের অর্থ ও হিসাব শাখা।

- **দরপত্র তফসিল জমাদানের তারিখ, স্থান ও সময় ঃ** . . . . . তারিখ হতে . . . . . তারিখ বেলা ২.৩০ টা পর্যন্ত (অফিস চলাকালীন) আরডিআরএস বাংলাদেশ, ... কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র ফেলা যাবে।

- **দরপত্র বাক্স খোলার তারিখ, স্থান ও সময় ঃ** . . . . . **তারিখ** বেলা .. . . . . টায় আরডিআরএস বাংলাদেশ, ... কার্যালয়ে দরদাতাগণের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

- দরপত্রের তফসিলের সাথে উদ্ধৃত মূল্যের ৫% নিলাম জামানত হিসেবে **আরডিআরএস বাংলাদেশ এর অনুকূলে** যে কোনো তফসিলভুক্ত ব্যাংক (. . . . . শাখা) হতে শুধুমাত্র ব্যাংক ড্রাফট/পে অর্ডার জমা দিতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

- আগ্রহী দরদাতাগণের সুবিধার্থে মালামালগুলি সংস্থার . . . . . কার্যালয়ে . . . . . তারিখ হতে . . . . . তারিখ সকাল ৯ টা থেকে বেলা ২.৩০ টা পর্যন্ত (অফিস চলাকালীন) প্রদর্শন করা হবে।

- আগ্রহী দরদাতাগণকে লট অনুযায়ী প্রতিটি মালামালের পৃথক পৃথক দর/মূল্য উল্লেখপূর্বক প্রয়োজনীয় জামানতসহ সিলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। প্রতিটি লটের সর্বোচ্চ উদ্ধৃত দর বিবেচনাপূর্বক দরপত্র বাছাই/নির্বাচন করা হবে।

- সর্বোচ্চ দরদাতা একাধিক হলে দরদাতাগণের উপস্থিতিতে লটারির মাধ্যমে একজনকে নির্বাচিত করা হবে।

- সিডিউলের প্রতি পাতায় দরদাতাকে স্বাক্ষর করতে হবে।

- নির্বাচিত দরদাতা বরাবর বিক্রয় আদেশ জারির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে মালামালের মূল্য ও সরকারি বিধি মোতাবেক প্রযোজ্য ভ্যাট এককালীন সংস্থার . . . . . কার্যালয়ের হিসাব শাখায় জমা করতঃ নিজ খরচে মালামাল সরবরাহ নিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে মালামালগুলোর মূল্য পরিশোধ করতঃ সরবরাহ নিতে ব্যর্থ হলে বিক্রয় আদেশ বাতিল করা হবে এবং প্রদত্ত জামানত সংস্থার অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

- কৃতকার্য দরদাতাকে মালামালসমূহ নিজ খরচে যেখানে যে অবস্থায় আছে সেভাবে সরবরাহ নিতে হবে। এ ব্যাপারে আরডিআরএস কর্তৃপক্ষ কোনো প্রকার দায়ী থাকবে না।

- আরডিআরএস কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ দর্শানো ছাড়াই যেকোনো/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

চেয়ারপার্সন, ... , আরডিআরএস বাংলাদেশ, ... , ... ।

আরডিআরএস বাংলাদেশ
RDRS Bangladesh

দরদাতা স্পষ্টাক্ষরে নিম্নের তথ্যসমূহ (ছকে উদ্ধৃত মূল্যের ঘরসহ) পূরণ করবেন এবং স্বাক্ষর করবেন।

লট নং : . . . . . (মনিটর)

ক্র. নং	মালামালের নাম	সংখ্যা	আইডি নম্বর	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
১.	Monitor Dell	১	২০১-০০২-১৫৩১৭	
২.	Monitor Dell	১	২০১-০০২-১৫১৭৮	
৩.	Monitor Dell	১	২০১-০০২-১৫১৮০	
৪.	Monitor Dell	১	২০১-০০২-১৪০৫৮	
			মোট=	
			ভ্যাট=	

সর্বমোট=

(কথায় : . . . . .)

লট নং : . . . . . (টায়ার)

ক্রম নং	মালামালের নাম	সংখ্যা	আইডি নম্বর	একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)
১	ট্রাকের টায়ার	২২ টি	অস্পষ্ট		
২	জিপের টায়ার	. . . টি	অস্পষ্ট		
				মোট =	
				ভ্যাট =	

সর্বমোট =

(কথায় : . . . . .)

দরদাতার স্বাক্ষর ঃ ..... তারিখ ঃ .....

দরদাতার নাম ঃ .....

পিতার নামঃ .....

মাতার নাম ঃ .....

বর্তমান ঠিকানা (যোগাযোগের ঠিকানা) ঃ .....

.....

স্থায়ী ঠিকানা ঃ .....

.....

টেলিফোন/মোবাইল ফোন নম্বর ঃ .....

নিলাম দরপত্র মূল্যায়ন প্রতিবেদন
ও
সর্বোচ্চ দরদাতার অনুকূলে বিক্রয় আদেশ জারি করার সুপারিশ

১. বিষয়বস্তু :

. . . . . মালামাল নিলামে বিক্রয়। গত . . . . . তারিখে নিলামযোগ্য মালামালের তালিকা অনুমোদিত হয়। অতঃপর নিলাম কমিটি অনুমোদিত মালামালসমূহ নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে দৈনিক . . . . . পত্রিকা/নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তি জারি (তারিখঃ . . . . .) করতঃ নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে দরপত্র আহ্বান করে।

২. নিলাম দরপত্র তফসিল জমাদানের সর্বশেষ তারিখ ও সময় ঃ

নিলাম দরপত্র তফসিল জমাদানের সর্বশেষ তারিখ ও সময় ছিলো : . . . . . ।

৩. নিলাম কমিটির সদস্যদের নাম, পদবি ও স্বাক্ষর ঃ

ক্র. নং	নাম	পদবি	স্বাক্ষর

৪. নিলাম দরপত্র তফসিল জমা ঃ মোট . . . . . জন অংশগ্রহণকারী দরপত্র তফসিল জমা প্রদান করেছেন। নিলাম দরপত্র তফসিল জমাদানকারীদের নাম, উদ্ধৃত দর ও জামানতের বিবরণ নিম্নরূপ-

ক্র. নং	নিলাম দরদাতার নাম	জামানত (ব্যাংকের নাম, ড্রাফটের নং, তারিখ ও অর্থের পরিমাণ	লট নম্বর ও নাম		লট নম্বর ও নাম		লট নম্বর ও নাম		মন্তব্য
			পরিমাণ (সংখ্যা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)	পরিমাণ (সংখ্যা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)	পরিমাণ (সংখ্যা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)	

৫. গ্রহণযোগ্য দরদাতাগণের নাম ও প্রদত্ত দর :

ক্র. নং	দরদাতার নাম	লট নং ও মালামালের নাম	প্রদত্ত দর (টাকা)	মন্তব্য

৬. সুপারিশ :

আরডিআরএস বাংলাদেশ নিলাম নীতিমালা-২০১৭ অনুসারে নিলাম কমিটি নিলাম দরপত্র আহ্বান করে, নিলাম দরপত্র তফসিল সরবরাহ করে, প্রাপ্ত তফসিলসমূহ নির্ধারিত তারিখে উন্মুক্ত করে ও মূল্যায়ন করে। মূল্যায়ন শেষে গ্রহণযোগ্য দরদাতাগণের মধ্যে সর্বোচ্চ দরদাতা হিসেবে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় নির্বাচিত করা হয় । এমতাবস্থায় নিম্নবর্ণিত সর্বোচ্চ দরদাতার অনুকূলে ক্রয় আদেশ জারি করার নিমিত্তে সদয় অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।

ক্র. নং	দরদাতার নাম	লট নং ও মালামালের নাম	প্রদত্ত দর (টাকা)	মন্তব্য

৭. কমিটির সদস্যদের নাম, পদবি ও স্বাক্ষর ঃ

ক্র. নং	নাম	পদবি	স্বাক্ষর	তারিখ

৮. অনুমোদনকারীর মন্তব্য ঃ

স্বাক্ষর :
নাম :
তারিখ :

তারিখ :

প্রাপক : মি: .....
.....
.....

প্রেরক : চেয়ারপার্সন,
নিলাম বিক্রয় কমিটি
আরডিআরএস বাংলাদেশ
.....
.....

বিষয় : **নিলাম বিক্রয় আদেশ।**

সূত্র : **নিলাম দরপত্র তফসিল, ক্রমিক নং-**

প্রিয় মহোদয়,

আরডিআরএস বাংলাদেশ এর পক্ষ থেকে আপনাকে শুভেচ্ছা ও অভিনন্দন।

অত্র সংস্থা কর্তৃক আয়োজিত নিলামে আপনি নিম্নবর্ণিত লটভুক্ত মালামালের জন্য সর্বোচ্চ নিলাম দরদাতা নির্বাচিত হয়েছেন।

লট নম্বর	মালামালের নাম ও বিবরণ	প্রদত্ত দর (টাকা)	মন্তব্য
	মোট মূল্য =		
	ভ্যাট =		
	সর্বমোট মূল্য =		

এমতাবস্থায়, সমুদয় মূল্য সংস্থার হিসাব শাখায় জমা করে নিম্নবর্ণিত শর্ত অনুসারে আগামী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে মালামালসমূহ সরবরাহ নেয়ার জন্য অনুরোধ করা হল। ব্যর্থতায় অত্র বিক্রয় আদেশ বাতিলপূর্বক জামানত বাজেয়াপ্ত করা হবে।

<u>শর্তাবলী</u>

ক) আপনি অত্র বিক্রয় আদেশে উল্লেখিত সমুদয় অর্থ হিসাব শাখায় জমা দিয়ে জমা রশিদ গ্রহণ করবেন;

খ) আপনি অত্র নিলাম বিক্রয় আদেশের মূলকপি ও টাকা জমা দেয়ার রশিদের মূলকপি সংস্থার স্টোরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রদর্শন করবেন এবং প্রতিটির ফটোকপি জমা দিবেন এবং প্রাপ্তিস্বীকারপত্রে স্বাক্ষরপূর্বক মালামাল গ্রহণ করবেন;

ঘ) আপনি অত্র নিলাম বিক্রয় আদেশের ফটোকপি, টাকা জমা দেয়ার রশিদের ফটোকপি ও প্রাপ্তিস্বীকারপত্রের ফটোকপি সংস্থার দায়িত্বপ্রাপ্ত নিরাপত্তা প্রহরীকে প্রদানপূর্বক মালামাল নিয়ে কার্যালয় চত্বর ত্যাগ করবেন।

ধন্যবাদ সহকারে,

(.....)

আমি নিম্ন স্বাক্ষরকারী, আমার বরাবর জারিকৃত অত্র নিলাম বিক্রয় আদেশের সমুদয় বিবরণ পড়ে এবং এর মর্ম অবগত হয়ে বর্ণিত শর্ত মোতাবেক মালামাল সরবরাহ নিতে রাজি হয়ে অত্র নিলাম বিক্রয় আদেশে স্বাক্ষর করলাম এবং এর এক কপি (ক্রেতার কপি) গ্রহণ করলাম।

_____
কৃতকার্য নিলাম পণ্যের ক্রেতার স্বাক্ষর
নামঃ .....
তারিখ ঃ .....

অনুলিপি : নির্বাহী পরিচালক
পরিচালক, উন্নয়ন কর্মসূচি/ক্ষুদ্রঋণ/অর্থ
জেনারেল সার্ভিস কোঅর্ডিনেটর
ফাইন্যান্স কোঅর্ডিনেটর
ইন্টারনাল অডিট কোঅর্ডিনেটর
ম্যানেজার স্টোর/ইনচার্জ স্টোর
অ্যাডমিন অফিসার
সিকিউরিটি ইনচার্জ
ফাইল কপি

আরডিআরএস বাংলাদেশ
RDRS Bangladesh

সংযুক্তি-৮

প্রাপ্তিস্বীকার পত্র

তারিখ :

বরাবর,

. . . . . .

. . . . . .

আরডিআরএস বাংলাদেশ

. . . . . .

. . . . . .

জনাব,

গত . . . . . ইং তারিখের . . . . . নং নিলাম বিক্রয় আদেশ মোতাবেক নিম্নবর্ণিত মালামালসমূহ আমি নিম্ন স্বাক্ষরকারী যথাযথভাবে বুঝে পেয়েছি-

লট নং	মালামালের নাম ও বিবরণ	পরিমাণ	মন্তব্য

এবং এই মর্মে স্বাক্ষীগণের উপস্থিতিতে অত্র প্রাপ্তিস্বীকারপত্রে স্বাক্ষর করলাম।

স্বাক্ষর : ----------
নাম : ----------
পিতার নাম : ----------
মাতার নাম : ----------
সাকিন : ----------
ডাকঘর : ----------
থানা : ----------
জেলা : ----------
মোবাইল নং : ----------

স্বাক্ষীগণের স্বাক্ষর, নাম ও ঠিকানা

১) স্বাক্ষর : ----------
নাম : ----------
পিতার নাম : ----------
মাতার নাম : ----------
সাকিন: ----------
থানা : ----------
জেলা : ----------

২) স্বাক্ষর : ----------
নাম : ----------
পিতার নাম : ----------
মাতার নাম : ----------
সাকিন: ----------
থানা : ----------
জেলা : ----------

সিলমোহর :